

99912 - অফিসের সময় সালাতুদ দোহা আদায় করা কি জায়েয?

প্রশ্ন

অফিসিয়াল কর্মকালীন সময়ে আমার জন্য সালাতুদ দোহার সুন্নত নামায পড়া কি জায়েয হবে? উল্লেখ্য, এই নামায পড়তে গিয়ে কোন কাজ বন্ধ হয়ে যায় না; কিংবা বিলম্বিত হয় না।

প্রিয় উত্তর

“সালাতুদ দোহা আদায় করা সুন্নত। এর মর্যাদা রয়েছে। আপনি যদি চাকুরীজীবী হন এবং এই নামায আদায় করতে গিয়ে আপনার উপর অর্পিত দায়িত্ব পালনে কোন নেতিবাচক প্রভাব না পড়লে; আপনি এটি আদায় করতে পারেন। আর যদি এটি আদায় করতে গিয়ে আপনার চাকুরীর কাজের উপর নেতিবাচক প্রভাব পড়ে তাহলে আপনি এটি আদায় করা জায়েয হবে না। যেহেতু এটি আদায় করতে গিয়ে আপনার ওপর আবশ্যিক দায়িত্ব পালন বাধাগ্রস্ত হচ্ছে।”[আল-মুনতাক্বা মিন ফাতাওয়াস শাইখ সালিহ আল-ফাওয়ান (২/১৬৭)]